

নং-১৯.০০.০০০০.১২১.০১.০৩৩.২০(৩১১)/১৫৪

তারিখ: ২৩ ফাল্গুন ১৪৩০
০৭ মার্চ ২০২৪

বিজ্ঞপ্তি


বিষয়: পররাষ্ট্র মন্ত্রণালয়ের ১৩তম গ্রেডভুক্ত 'সীট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর', 'গবেষণা সহকারী' ও 'উচ্চমান করণিক' পদসমূহে ৯০ মিনিট ব্যাপী লিখিত পরীক্ষা গ্রহণ।

পররাষ্ট্র মন্ত্রণালয়ের নিয়োগ বিজ্ঞপ্তি নং-১৯.০০.০০০০.১২১.০১.০১১.২০(৩১১)/২৫৭; তারিখ: ১৩ জুন ২০২৩ খ্রিস্টাব্দ -এ উল্লিখিত ১৩তম গ্রেডভুক্ত 'সীট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর', 'গবেষণা সহকারী' ও 'উচ্চমান করণিক' পদসমূহে প্রার্থীদের লিখিত পরীক্ষার তারিখ ও সময়সূচি, কেন্দ্র এবং নির্দেশাবলি নিম্নে দেওয়া হলো:

ক্রমিক নং	পদের নাম	পরীক্ষার তারিখ ও সময়	পরীক্ষার কেন্দ্র
১	২	৩	৪
১.	সীট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর	২৯ মার্চ ২০২৪ (শুক্রবার) বিকাল ০৩.০০ টা থেকে ০৪.৩০ টা পর্যন্ত	সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রের তথ্য পরবর্তীতে পররাষ্ট্র মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হবে এবং এসএমএস-এর মাধ্যমে যথাসময়ে জানিয়ে দেওয়া হবে
২.	গবেষণা সহকারী	৩০ মার্চ ২০২৪ (শনিবার) সকাল ১০.০০ টা থেকে ১১.৩০ টা পর্যন্ত	
৩.	উচ্চমান করণিক	৩০ মার্চ ২০২৪ (শনিবার) বিকাল ০২.৩০ টা থেকে ০৪.০০ টা পর্যন্ত	

পরীক্ষার্থীদের জন্য লিখিত পরীক্ষা সম্পর্কিত নির্দেশাবলি:

- উল্লিখিত পদে অনলাইনে রেজিস্ট্রেশনকারী প্রার্থীদের মন্ত্রণালয়ের ওয়েবসাইট https://mofa.gov.bd/site/view/notification_circular অথবা বাংলাদেশ টেলিটক লিমিটেড এর ওয়েবসাইট <http://mofa.teletalk.com.bd> থেকে প্রবেশপত্র ডাউনলোড করে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। প্রবেশপত্র ব্যতীত কোনো প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না।
- পরীক্ষার নির্ধারিত সময়ের কমপক্ষে ৩০ মিনিট আগে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হওয়ার পর কোনো প্রার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেওয়া হবে না। পরীক্ষা চূড়ান্তরূপে শেষ না হওয়া পর্যন্ত কোনো প্রার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবে না।
- প্রার্থীদেরকে বিশেষভাবে সতর্ক করা যাচ্ছে যে, উত্তরপত্রে রোল নম্বর সঠিকভাবে না লিখলে, কোনোরূপ কাটাকাটি করলে উত্তরপত্রে ফ্লুইড লাগালে প্রার্থীতে বাতিল হবে।
- হাজিরা তালিকায় প্রত্যেক প্রার্থীর রোল নম্বর ও নামের পাশে তার ছবি এবং প্রবেশপত্রের অনুরূপ স্বাক্ষর মুদ্রিত থাকবে। প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখা হবে, মিল না থাকলে উক্ত প্রার্থীকে বহিষ্কার এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ডুয়া প্রার্থীদের বিরুদ্ধে বিশেষ তল্লাশি অভিযান পরিচালনার ব্যবস্থা করা হবে। পরীক্ষা কেন্দ্রে বই-পুস্তক, ব্যাগ, হাতঘড়ি, পকেটঘড়ি, ইলেকট্রনিক ঘড়ি, মোবাইল ফোন, ঘড়ি সদৃশ মোবাইল ফোন, যে কোনো ধরনের ক্যালকুলেটর বা কোনোরূপ ইলেকট্রনিক ডিভাইস আনা সম্পূর্ণ নিষিদ্ধ। পরীক্ষা চলাকালে পরীক্ষা কক্ষে কোনো প্রার্থীর নিকট ঘোষিত সামগ্রী পাওয়া গেলে তা বাজেয়াপ্ত করে তার প্রার্থিতা বাতিল করা হবে। উক্ত প্রার্থীকে বহিষ্কার করে তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- উপর্যুক্ত পদসমূহে প্রার্থীগণকে বাংলা-২০, ইংরেজী-৫০, গণিত-১৫ এবং সাধারণ জ্ঞান-১৫ নম্বরসহ সর্বমোট ১০০ নম্বরের ৯০ মিনিট ব্যাপী লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- প্রার্থীদেরকে পরীক্ষার হলে ০৪ টি বিষয়ের জন্য ০১ টি উত্তরপত্র প্রদান করা হবে। পরীক্ষার্থীগণ কেবল উত্তরপত্রের প্রয়োজনীয় ঘরগুলো পূরণ করবেন। অন্যথায় উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।
- কোনো প্রার্থীর ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তের গুরুতর (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।
- উক্ত পদে সংশ্লিষ্ট প্রার্থীদের স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।


(সবুজ আহমেদ)

পরিচালক (নীতি ও সংগঠন)

ও

সদস্য সচিব, বিভাগীয় নির্বাচন কমিটি
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।